

৩.১১ বাংলাদেশ বেতারের বাণিজ্যিক কার্যক্রমের অনুমোদিত নীতিমালা

- ১। বেতারের মাধ্যমে প্রচারের বিষয়াদি পরীক্ষার প্রাথমিক দায়িত্ব বাণিজ্যিক দপ্তরের পরিচালকের উপর ন্যস্ত থাকিবে। কোন বেতার বার্তা বা বিজ্ঞাপন সামগ্রিকভাবে বা তার কোন অংশবিশেষ পরিচালক অথবা এই দপ্তরের অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার বিবেচনায় যদি বেতারের প্রচারের অনুপযুক্ত বলিয়া মনে করা হয়, তাহা হইলে তাঁহাকে তাই প্রচারের জন্য অনুমোদন দানে বাধ্য করা যাইবে না। অবশ্য বিজ্ঞাপনদাতা বা তাহার প্রতিনিধি ইচ্ছা করিলে উক্ত বেতার বার্তা/বিজ্ঞাপনের অনুমোদনের জন্য মহাপরিচালক, রেডিও বাংলাদেশের নিকট আবেদন করিতে পারিবেন এবং সেই ক্ষেত্রে মহাপরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য করা হবে।
- ২। কোন বিজ্ঞাপন বা স্পনসর্ড প্রোগ্রাম সংক্রান্ত ব্যাপারে যদি কোন পক্ষ হইতে রেডিও বাংলাদেশের বিরুদ্ধে আইনগত দাবী আনয়ন করা হয় তাহা হইলে সংশ্লিষ্ট বিজ্ঞাপনদাতা বা যে প্রতিষ্ঠানের তরফ হইতে উক্ত স্পনসর্ড প্রোগ্রাম প্রচার করা হইয়াছে উক্ত প্রতিষ্ঠান রেডিও বাংলাদেশকে আইনগত দাবী সংক্রান্ত ক্ষতিপূরণ দান করিতে বাধ্য থাকিবে।
- ৩। দেশের আইনের সহিত সামঞ্জস্য বিধান করিয়াই বিজ্ঞাপনে সমুহের পরিকল্পনা করিতে হইবে এবং তাহা জনগণের নীতিবোধ, শালীনতা এবং ধর্মীয় অনুভূতির প্রতি পীড়াদায়ক হইবে না।
- ৪। প্রতিযোগী পণ্যের নিন্দা করিয়া নয় এবং বিজ্ঞাপনের মারফত প্রচারিত পণ্যের গুণাবলীর উপর ভিত্তি করিয়াই জনগণ তাহাকে গ্রহণ করিবে এই নীতিই বিজ্ঞাপন প্রচারের উদ্দেশ্য হইবে।
- ৫। বেতারের শ্রোতাকে শুধুমাত্র পণ্যের খরিদার বলিয়াই মনে করা হইবে না বরং একজন চিন্তাশীল দূরদর্শী, মুক্তমনা ব্যক্তি, যিনি শালীনতা এবং সততার প্রতি শ্রদ্ধাশীল এমন ব্যক্তি বলিয়াই ধারণা করা হইবে।
- ৬। বাণিজ্যিক কার্যক্রম এর পক্ষে যেমন বেতার প্রচারের মাধ্যমে পণ্য বিক্রয়ের সহায়তা করার অর্থনৈতিক দায়িত্ব, পালনে স্বীকৃত হইবে অপর পক্ষে জনগণের স্বার্থ সংরক্ষণের সামাজিক দায়িত্ব পালন করিবে।
- ৭। বেতারে প্রচারিত বিজ্ঞাপনের প্রতি জনগণের বিশ্বাস সংরক্ষণ করার পরিপ্রেক্ষিতে ঔষধপত্রের বিজ্ঞাপনে উল্লেখিত দাবীর প্রতি অনুমোদন দানে বিশেষ সতর্কতা অবলম্বন গ্রহণ করা হইবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত ঔষধপত্রের বিজ্ঞাপন প্রচার করা হইবে না।

৮। প্রকৃত তথ্যের ব্যাপারে মিথ্যা উক্তি এবং অনুদান বা বর্জনের মাধ্যমে সম্ভাব্য প্রবঞ্চনা পরিহার করার জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করা হইবে। বিজ্ঞাপনে এমন দাবী গ্রহণ করা হইবে না, যাহা পুরোপুরিভাবে মিটানো সম্ভব হইবে না।

৯। বর্ণিতসমূহের উপর বিজ্ঞাপন বা প্রোগ্রাম গ্রহণ করা হইবে না ঃ—

- (ক) জনসাধারণের শালি ভংগ করিতে পারে বা অপরাধ প্রবণতা সৃষ্টি করিতে পারে অথবা আইন অমান্য করিতে উৎসাহ দিতে পারে এমন বিষয়;
- (খ) কাহারো সম্মানে অখ্যাতি জনক রচনা, পুস্ক, বা বর্ণনা;
- (গ) পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন ধর্মীয় বিষয়;
- (ঘ) রাজনৈতিক বিষয় বা ব্যক্তি;
- (ঙ) ব্যবসায়ী বা শিক্ষা প্রতিষ্ঠানের বিবাদ সংক্রান্ত একতরফা প্রচার;
- (চ) জাতিগত বা সাম্প্রদায়িক ঘৃণা সৃষ্টিকারী বিষয়;
- (ছ) মহাপরিচালকের পূর্বঅনুমোদন ব্যতিরেকে চাঁদার জন্য আবেদন;
- (জ) মদ, গাঁজা ইত্যাদি;
- (ঝ) বন্ধু রাষ্ট্রসমূহের সহিত মত বিরোধ সৃষ্টি করিতে পারে এমন বিষয়;
- (ঞ) মাদুলী, যাদু, স্বপ্নে প্রাপ্ত ঔষধ বা জনসাধারণের কুসংস্কারকে লাভের জন্য কাজে লাগানোর এমন বিষয়;
- (ট) নাইট ক্লাব ও মদের দোকান;
- (ঠ) যৌন দুর্বলতা, অকাল বার্ধক্য, ওজন কমানো ইত্যাদি বিষয়ক বিশেষ চিকিৎসা পদ্ধতি;
- (ড) মহাপরিচালকের পূর্বঅনুমোদন ব্যতিরেকে পুস্ক, সাময়িকী, সংবাদপত্র ইত্যাদি;

১০। স্পনসর্ড প্রোগ্রাম ও তদভুক্ত বিজ্ঞাপনের দৈর্ঘ্যের পরিমাণ নিম্নরূপ হইবেঃ—

প্রোগ্রামের দৈর্ঘ্য	বিজ্ঞাপনের দৈর্ঘ্য
১০'	৬০ সেকঃ
১৫'	৯০ সেকঃ
২০'	১২০ সেকঃ
৩০'	১৫০ সেকঃ

১১। স্পনসর্ড প্রোগ্রামের মধ্যে বিজ্ঞাপনের নির্দিষ্ট স্থান ব্যতীত প্রোগ্রাম অন্তর্ভুক্ত বিষয় এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বা পণ্যের নাম বা এতদসংক্রান্ত কোন বিষয় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখ করা যাইবে না।